

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৪২.১৭৭.২০১৫- ৪৫১

তারিখঃ ০৬ বৈশাখ, ১৪২৩বাব  
২১ এপ্রিল, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ আইএমইডি কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।  
সূত্র নং-২১.১৭১.০১৪.০০.০০.৫০৮.২০১৪-৩১৫, তারিখঃ ২৭/০৩/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিনিধি আইএমইডি কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায় -১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2) শীষক প্রকল্পের আওতাধীন রাদুনীয়া, চট্টগ্রাম উপজেলার কার্যক্রম পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত সুপারিশসমূহ রয়েছে :

নং	সুপারিশ
১৬.১	মূলতঃ ডেইরি/পোল্ট্রি খামারীদের বাড়িতে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্যোগ নিতে হবে। উপকরণ প্রাপ্তির উপর প্লান্টের আকার/সাইজ নির্ভর করে। তাই প্লান্টের উৎপাদনক্ষমতা এবং প্লান্ট হতে উৎপাদিত গ্যাসের বহুবিধ ব্যবহার (রান্না ও বিদ্যুৎ উৎপাদন) অক্ষুণ্ন রাখার লক্ষ্যে প্লান্ট স্থাপনের মূল উপকরণ/কাচামাল প্রয়োজনীয় পরিমাণে সরবরাহ/প্রাপ্তি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে(১৫.১ ও ১৫.২)।
১৬.২	প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উৎসাহ প্রদানের লক্ষ্যে প্লান্ট স্থাপনের সময় তাদের সবাইকে সাবসিডি প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। আর ঋণের টাকা যথাযথ এবং কার্যকরভাবে ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্লান্ট স্থাপনের সময় ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এতে প্লান্ট স্থাপনে আগ্রহী সংখ্যাও বাড়বে এবং ঋণীর সংখ্যাও বাড়বে(১৫.৩ ও ১৫.৭)।
১৬.৩	প্লান্ট স্থাপনের উপযোগী এলাকায় প্রকল্পের আওতায় সংস্থানকৃত ওরিয়েন্টেশন কার্যক্রমের পাশাপাশি প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম/সুবিধা(গ্যাস ও বিদ্যুৎ উৎপাদন কাজে প্লান্টের ব্যবহার, সাবসিডি এবং ঋণ কার্যক্রম) এবং বাস্তবায়নোত্তর সুবিধা(জৈব সার উৎপাদন, ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ, বায়োগ্যাস প্লান্টের মাধ্যমে রান্না এবং বিদ্যুৎ উৎপাদনের জন্য নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের সম্ভাবনা উন্মোচন প্লান্টে পচনশীল বর্জ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে দূষণমুক্ত পরিবেশ সৃষ্টি ইত্যাদি) সম্পর্কে ব্যাপক প্রচারণার(প্রকল্প অফিসের সামনে সাইনবোর্ড, যুব প্রশিক্ষণে এবং বিভিন্ন যুব সমাবেশে এর সম্পর্কে ধারণা প্রদান ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে)ব্যবস্থা করতে হবে(অনু ১৫ঃ৪);
১৬.৪	প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্প সংশ্লিষ্ট জনবলের নিয়োগসহ নিয়মিত দায়িত্ব পালনের ব্যবস্থা করতে হবে। এ লক্ষ্যে অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা প্রনয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে এবং প্রয়োজনানুসারে প্রয়োজ্যমতে নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে(অনু ১৫.৫); এবং
১৬.৫	বাস্তবায়িতব্য বায়োগ্যাস প্লান্টের রেসিডুয়াল চৌবাচ্চা ও উপকরণ জমার চৌবাচ্চা আরসিলি শ্লাব/ বুকিমুক্ত কোন ঢাকনা দিয়ে ঢেকে রাখার জন্য অনুপ্রানিত করতে হবে এবং প্রকল্প অফিস হতে মাঠ পর্যায়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে (অনু ১৫ঃ৬);

এমতাবস্থায়, উপরোক্ত সুপারিশসমূহ জরুরী ভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Munir*, ১৩/৪/২০১৭  
(মোঃ আঃ হামিদ খান)  
প্রকল্প পরিচালক  
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প  
ফোন/ফ্যাক্স-৯৫৭৮১০৪  
E-mail:pdimpactphase2dyd@gmail.com

প্রাপক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
-----উপজেলাঃ  
-----জেলাঃ।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সংশ্লিষ্ট) জেলা।
- ✓ ৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। অফিস কপি।